# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 24-02-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের নির্দেশে বিচারবিভাগীয় আধিকারিকদের তদারকিতে এস আই আর-এর নথি যাচাই ও নিষ্পত্তির কাজ শুরু হয়েছে।

২) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি ও কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে সুরক্ষা বাহিনীর আধিকারিকদের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠক মুখ্য নির্বাচনী আধিকারিকের।

৩) দীর্ঘ ২৭ বছর পর আজ নতুন দিল্লিতে নির্বাচন কমিশন ও রাজ্য নির্বাচন কমিশনারদের জাতীয় গোলটেবিল বৈঠক হবে।

৪) স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের কাউন্সেলিং আজ শুরু হচ্ছে।

৫) ১৫৩ বছরে পদার্পণ করল কলকাতা ট্রাম।

৬) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় কলকাতা সহ বিভিন্ন জেলায় রাত থেকে শুরু হয়েছে বৃষ্টি।

৭) যুবভারতীতে আই এস এল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ২-০ গোলে চেন্নাইয়িন এফ সি কে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের নির্দেশে বিচারবিভাগীয় আধিকারিকদের তদারকিতে এসআইআর-এর নথি যাচাই এবং নিষ্পত্তির কাজ শুরু হয়েছে। নথিপত্র খতিয়ে দেখছেন কলকাতা হাইকোর্ট নিযুক্ত জেলা বিচারক এবং অতিরিক্ত জেলা বিচারকরা।

বিচারকদের জন্য আলাদা লগ-ইন আই ডি তৈরি হয়েছে। এস আই আর-কে কেন্দ্র করে তৈরি জটিলতা কাটাতে গতকাল ফের কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, নির্বাচন কমিশন ও বিচারবিভাগীয় প্রতিনিধিদের মধ্যে বৈঠক হয়। বৈঠক শেষে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, এস আই আর-এর কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত যতটুকু কাজ হয়েছে এবং আগামী দিনে কোন পদ্ধতিতে কাজ এগোবে সেবিষয়ে তৈরি হয়েছে নির্দিষ্ট গাইডলাইন।

হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল স্পষ্ট জানিয়েছেন, নির্ধারিত গাইডলাইন অনুযায়ী কাজ হবে। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনেই সম্পূর্ণ প্রক্রিয়া চলবে। সূত্রের খবর, এস আই আর-এর কাজের অগ্রগতির রিপোর্ট হাইকোর্টে জমা দিতে হবে বলেও বৈঠকে স্থির হয়েছে।

বিচারবিভাগীয় আধিকারিকরা কিভাবে নথি পরীক্ষা করবেন, সিদ্ধান্ত নেবেন, আবেদন গ্রহণ বা বাতিল হলে তার কারণ কিভাবে জানাবেন – সেই বিষয়টিও ব্যাখ্যা করা হয় বৈঠকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল গতকাল রাজ্য পুলিশের শীর্ষ আধিকারিক, সি আর পি এফ-এর আইজী প্রমুখের সঙ্গে বৈঠক করেন।

মার্চ মাসের শুরুতেই কেন্দ্রীয় বাহিনী রাজ্যে পৌঁছনোর পর কিভাবে তাদের কাজে লাগানো হবে, তা নিয়েই মূলত বৈঠকে আলোচনা হয়েছে।

বৈঠকে, কমিশনের তরফে স্পষ্ট ভাবে জানিয়ে দেওয়া হয়েছে , কেন্দ্রীয় বাহিনী এলেই সরাসরি তাদের কাজে নামাতে হবে। বাহিনীর গতিবিধির উপর পর্যবেক্ষকেরা নিরন্তর নজর রাখবেন। পাশাপাশি তথ্যগত অসঙ্গতি সংক্রান্ত কাজে নিযুক্ত বিচারকদের নিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব রাজ্য প্রশাসন নেবে বলেও বৈঠকে স্থির হয়েছে। বুথ বিন্যাসের দিকটিও আলোচনায় উঠে এসেছে বলে খবর।

বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক ও যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের মহা-নির্দেশক পীযূষ পান্ডে, আইন-শৃঙ্খলা বিভাগের ডিজি বিনীত গোয়েল, কলকাতার পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার এবং কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ বাহিনীর আইজি-সহ অন্য আধিকারিকেরা।

উল্লেখ্য, আগামী পয়লা ও ১০-ই মার্চ দু-দফায় রাজ্যে মোট ৪৮০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী আসবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন আজ নতুন দিল্লির ভারত মণ্ডপমে  রাজ্য নির্বাচন কমিশনারদের নিয়ে জাতীয় গোলটেবিল বৈঠকের আয়োজন করছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সভাপতিত্বে এই বৈঠকে উপস্থিত থাকবেন দুই নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু এবং ডঃ বিবেক জোশী। সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের রাজ্য নির্বাচন কমিশনাররা তাঁদের আইনি এবং প্রযুক্তিগত বিশেষজ্ঞদদের নিয়ে এতে অংশ নেবেন। পাশাপাশি ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকরাও যোগ দেবেন বৈঠকে।

একদিনের এই সম্মেলনের মূল লক্ষ্য, নির্বাচন প্রক্রিয়া ও লজিস্টিক ব্যবস্থাপনা ক্ষেত্রে সমন্বয় জোরদার করা । প্রযুক্তি বিনিময়, ইভিএম, ভোটার তালিকা এবং নির্বাচনী ব্যবস্থার স্বচ্ছতা ও সুরক্ষা নিয়ে বিস্তারিত আলোচনা হবে এখানে। সদ্য চালু হওয়া 'ইসিআইনেট' ডিজিটাল প্ল্যাটফর্মের কার্যকারিতাও তুলে ধরা হবে ।

দীর্ঘ ২৭ বছর পর এই বৈঠক হচ্ছে। শেষবার এই ধরনের সম্মেলন হয়েছিল **১৯৯৯** সালে।

oooooooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস কলকাতার বহুতল আবাসন গুলিতে ভোটগ্রহণ কেন্দ্র তৈরির বাধা সৃষ্টি করছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল সাংবাদিকদের বলেন, বহুতল আবাসন গুলিতে বুথ করার প্রস্তাব যাতে কমিশনে না পাঠানো হয় সেজন্য আবাসনগুলির প্রেসিডেন্ট ও সেক্রেটারিদের হুমকি দেওয়া হচ্ছে।

(বাইট-শমীক)

এদিকে, আসন্ন বিধানসভা নির্বাচনে বিজেপি-র জয়ের ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooooooooooo

বিজেপি গতকাল একযোগে রাজ্যের বিভিন্ন জায়গায় নানা অভিযোগে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে 'চার্জশিট' পেশ করে।

দক্ষিণ ২৪ পরগণার মথুরাপুরে দলের জেলা কার্যালয়ে চার্জশিট পেশ করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

পূর্ব মেদিনীপুরের তমলুক সাংগঠনিক জেলার মহিষাদল জেলা কার্যালয়ে সাংসদ সৌমেন্দু অধিকারী, নদিয়া উত্তর জেলা কার্যালয়ে রাজ্য মুখপাত্র ও সাংস্কৃতিক সেল আহ্বায়ক রুদ্রনীল ঘোষ, বর্ধমানে বিজেপি নেতা মিঠুন চক্রবর্তী, বাঁকুড়া জেলা কার্যালয়ে বিধায়কা অগ্নিমিত্রা পাল চার্জশিট পেশ করেন।

রাজ্য জুড়ে গতকাল পরিবর্তন যাত্রার প্রস্তুতি বৈঠকও অনুষ্ঠিত হয়।

ooooooooooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের কাউন্সেলিং আজ শুরু হচ্ছে। সল্টলেকে কমিশনের প্রধান কার্যালয়ে কাউন্সেলিং প্রক্রিয়া হবে। মেধাতালিকার মাধ্যমে ‘ওপেন কাউন্সেলিং’য়ের আয়োজন করা হচ্ছে। ফলে মেধার ভিত্তিতে সকল প্রার্থী, স্কুল বাছাইয়ের সমান সুযোগ পাবেন বলে জানিয়েছে এসএসসি। স্কুল বাছাইয়ের পর কমিশন প্রার্থীদের সুপারিশপত্র দেবে। আগামী মাস থেকেই শিক্ষকরা সংশ্লিষ্ট স্কুলে নিযুক্ত হবেন বলে জানা গেছে।

একাদশ ও দ্বাদশের মেধা তালিকায় ১৮ হাজার ২২৭ জন প্রার্থীর নাম প্রকাশ করা হয়। ১২ হাজার ৪৪৫টি শূন্যপদের জন্য শিক্ষক নিয়োগ হবে।

উল্লেখ্য, গত বছর ১৪ সেপ্টেম্বর পরীক্ষা হয়েছিল। পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ২৯ হাজার ৬০৬ জন।

ooooooooooooooooooooooooooooo

এসএসসি-র ২০২৫ এর নিয়োগ পরীক্ষায় প্রশ্ন ভুলের চ্যালেঞ্জ খতিয়ে দেখার জন্য, আইনি বিধান না থাকা সত্ত্বেও, কিসের ভিত্তিতে প্রার্থীদের থেকে টাকা নেওয়া হয়েছে, হলফনামা দিয়ে তা জানাতে বলেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিনহা গতকাল স্কুল সার্ভিস কমিশনকে চার সপ্তাহের মধ্যে এব্যাপারে রিপোর্ট দিতে বলেছেন। এসএসসি এজন্য কত টাকা তুলেছে, প্রার্থীদের দাবি সঠিক হলে শর্ত

অনুযায়ী কত টাকা ফেরত দেওয়া হয়েছে, কত প্রশ্ন শেষ পর্যন্ত ভুল প্রমাণিত হয়েছে, এসংক্রান্ত কতগুলি অভিযোগ জমা পড়েছে তা বিস্তারিত জানাতে হবে এসএসসিকে।

উল্লেখ্য, এসএসসির দ্বিতীয় এসএলএসটি পরীক্ষায় ২৪টি প্রশ্ন ভুল রয়েছে বলে অভিযোগ ওঠে। আপত্তি জানাতে পরীক্ষার্থীদের কাছ থেকে প্রশ্ন প্রতি ১০০ টাকা করে নেওয়া হয়েছে বলে মামলাকারীদের দাবি।

oooooooooooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অধ্যাপক নিগ্রহের ঘটনার তদন্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পাঁচ সদস্যের কমিটি গঠন করেছে। ISI এর প্রাক্তন ডিরেক্টর অধ্যাপক বিমল রায়ের নেতৃত্বে গঠিত ওই কমিটিতে কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য শ্যামল রায়, Bose Institute- এর প্রাক্তন রেজিস্ট্রার শম্পা দাস, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের Pro Vice Chancellor অমিতাভ দত্ত, ডেপুটি রেজিস্ট্রার ডক্টর আবুল হাসনাথ।

উল্লেখ্য, গত শুক্রবার সাংস্কৃতিক অনুষ্ঠানকে কেন্দ্র করে দুই ছাত্র সংগঠনের কর্মী সমর্থকরা হাতাহাতি জড়িয়ে পড়ে। পরিস্থিতি সামাল দিতে গিয়ে দুই অধ্যাপক।

ঘটনার প্রতিবাদে, অধ্যাপকদের সংগঠন Jadavpur University Teachers' Association-JUTA-র তরফে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্যের কাছে ডেপুটেশন দেওয়া হয়। আজকের মধ্যে দোষীদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ না করা হলে বৃহত্তর আন্দোলনে নামার হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা।

এদিকে , গতকালও দুদল ছাত্রের মধ্যে নতুন করে উত্তেজনা তৈরি হয়। এক পড়ুয়া আহত হয়েছেন বলে খবর।

oooooooooooooooooooooooooooooo

রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পেয়েছেন গৌতম পাল। তিনি প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি পদেও রয়েছেন। এর আগে জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারপার্সন ছিলেন সোনালি চক্রবর্তী বন্দ্যোপাধ্যায়। কিন্তু তিনি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিযুক্ত হওয়ার পর জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারপার্সন পদটি খালি হয়ে যায়।

oooooooooooooooooooooooooooooo

**১৮৭৩** থেকে **২০২৬** --- **১৫৩** বছরে পা দিল কলকাতার ট্রাম। জন্মদিন উপলক্ষে আজ বিশেষ ট্রামযাত্রার আয়োজন করেছে ট্রামপ্রেমীদের একটি সংগঠন। ইতিহাসকে ফিরে দেখার এই যাত্রায় চলবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার একটি ট্রাম। সকালে গড়িয়াহাট ডিপো থেকে যাত্রা শুরু করে এসপ্ল্যানেড ও শ্যামবাজার হয়ে শহরের পথে পরিক্রমা করবে গীতাঞ্জলি নামের ট্রামটি। এতে অংশ নেবেন অভিনেত্রী রূপা গঙ্গোপাধ্যায়, নাট্য ব্যক্তিত্ব রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, পরিচালক গৌতম ঘোষ, অশোক বিশ্বনাথন প্রমুখ।

পরিবহন বিশেষজ্ঞদের বক্তব্য, একসময় কলকাতায় গণপরিবহনের গুরুত্বপূর্ণ মাধ্যম হলেও এখন অস্তিত্ব রক্ষার লড়াই চালাচ্ছে ট্রাম। শ্যামবাজার-ধর্মতলা এবং গড়িয়াহাট-ধর্মতলা রুটে এখন আপাতত ট্রাম চলছে। তবে শুধু ঐতিহ্যের প্রতীক হিসেবে টিকিয়ে রাখা নয়, শহরে দূষণহীন গণপরিবহনের নির্ভরযোগ্য মাধ্যম রূপে ট্রামকে স্বমহিমায় ফেরানোর দাবি জানিয়েছেন তাঁরা।

oooooooooooooooooooooooooooooo

কর্মরত অবস্থায় কোন রাজ্য সরকারি কর্মচারির মৃত্যু হলে তাঁর প্রাপ্য অর্থ এবার থেকে বিবাহিত ও বিবাহবিচ্ছিন্ন কন্যারাও পাবেন। অর্থ দপ্তর থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে এই তথ্য জানিয়েছে রাজ্য প্রশাসন।

এতদিন সরকারি নিয়মে প্রাপকের তালিকায় তারা ছিলেন না। রাজ্য সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে সরকারি কর্মচারী সংগঠনগুলি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় বিভিন্ন জেলায় গতকাল থেকেই শুরু হয়েছে হালকা থেকে মাঝারি বৃষ্টি। কোথাও কোথাও বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির খবর মিলেছে। কলকাতাতেও ভোরের দিকে হালকা বৃষ্টি হয়। আলিপুরে আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত প্রায় ৬ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা থেকেও বৃষ্টির খবর পাওয়া গেছে। সঙ্গে ছিল দমকা বাতাস । কলকাতা উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা ঝাড়গ্রাম জেলাতে আজ সারাদিনই বিক্ষিপ্তভাবে বৃষ্টির স্ভাবনা রয়েছে।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, প্রায় স্বাভাবিক।

এদিকে বছরের প্রথম এই বৃষ্টির ফলে আলু চাষের ক্ষতি হতে পারে । তাই পরিপক্ক আলু তুলে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আই এস এল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ২-০ গোলে চেন্নাইয়িন এফ সি কে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের হয়ে জিমি ম্যাকলারেন ও দিমিত্রি পেত্রাতোস গোল করেছেন। এবারের আই এস এলে প্রথম দুই ম্যাচে জয় পেলো সবুজ মেরুন দল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০